

**শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত  
টাকা ফেরত দিতে তিন শিক্ষা  
প্রতিষ্ঠানকে ১৫ দিনের সময়  
দিয়েছে মন্ত্রণালয়**

ফেরত না দিলে ব্যবস্থা- শিক্ষা সচিব

**□ স্টাফ রিপোর্টার**

শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত টাকা ফেরত দিতে রাজধানীর তিন শিক্ষা প্রতিষ্ঠানকে ১৫ দিনের সময় দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এত সময়ের মধ্যে টাকা ফেরত না দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ...

**শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত টাকা**

১৬-এর পৃষ্ঠার পর ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা সচিব আমাল আবদুল নাসের চৌধুরী। গতকাল (রোববার) সফিকান্দে মিন্ন মাধ্যমিক/মাধ্যমিক, মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তিতে অনুসরণীয় নীতিমালা পর্যালোচনা সক্রমে সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভা শেষে শিক্ষা সচিব সাফোদিরুসের বলেন, অতিরিক্ত টাকা ফেরত না দেয়ার রাজধানীর তিনটি শিক্ষা প্রতিষ্ঠানকে আরো ১৫ দিন সময় দেয়া হয়েছে।

গত শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের ভর্তিতে রাজধানীর তিন শিক্ষা প্রতিষ্ঠান ডিকার্লিন্সা নুন ফুল অ্যান্ড কলেজ, আইডিয়াল স্কুল ও মনিপুর স্কুল অতিরিক্ত টাকা গ্রহণ করে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে গত শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির সময় নেয়া অতিরিক্ত অর্থ ফেরত অথবা বেতনের সঙ্গে সমন্বয় করতে গত ৩০ জানুয়ারি নির্দেশ দেয় শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের নির্দেশের পরেও এই অর্থ ফেরত না দিলে গত ২ জুলাই সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রী জানান, শিক্ষার্থী ভর্তির সময় নেয়া অতিরিক্ত অর্থ আগামী এক মাসের মধ্যে ফেরত না দিলে শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করা হবে। গত ৪ জুলাই এ সংক্রান্ত তথ্যটি তাদের প্রতিবেদনে জানায়, ভর্তি ফি ব্যবস্থা মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ তিন হাজার ৫৪ জন ছাত্রছাত্রীর কাছ থেকে ৫ কোটি ২০ লাখ ৭৬ হাজার একশ টাকা, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ ২ হাজার ৬৬৭ জন শিক্ষার্থীর কাছ থেকে ৩ কোটি ৩৯ লাখ ৩৪ হাজার ৯০০ টাকা এবং ডিকার্লিন্সা নুন ফুল অ্যান্ড কলেজ এক হাজার ৬২৭ ছাত্রীর কাছ থেকে ৬৮ লাখ ১৭ হাজার একশ টাকা অতিরিক্ত ফি আদায় করেছে। এই টাকা ফেরত দিতে প্রতিষ্ঠানগুলোকে কয়েকদিন নোটিশ করে শিক্ষা মন্ত্রণালয়। কয়েক দিন নোটিশের পরও শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত টাকা ফেরত না দেয়ার আগামী ১৫ দিনের মধ্যে টাকা ফেরত দিতে নতুন সময়সীমা বেধে দিলো শিক্ষা মন্ত্রণালয়। এসময় গতকালের সভায় উপস্থিত ছিলেন ডিকার্লিন্সা নুন ফুল অ্যান্ড কলেজ, আইডিয়াল স্কুল ও মনিপুর স্কুলের অধ্যক্ষ।